

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮ ১৩  
উদয়পুর, ২২ জুলাই, ২০২৪

### গোমতী জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব

আজ উদয়পুর টাউনহলে গোমতী জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব উদযাপন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং গোমতী জিলা পরিষদ, উদয়পুর পুর পরিষদ ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন বিবেকনগর রামকৃষ্ণ মঠের সম্পাদক শুভকরানন্দ মহারাজ। উৎসবের উদ্বোধন করে তিনি গুরু পূর্ণিমা উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বলেন, পিতা-মাতা হলেন আমাদের প্রথম গুরু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। গুরু পূর্ণিমা উৎসব উদযাপন উপলক্ষে গোমতী জেলার তিনজন গুরুকে সংবর্ধনা দেওয়া হয়। তাঁরা হলেন রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক পরিমল দাস, আলোর দিশারী হোমের মামনি কৃষ্ণাজ্যোতি প্রাণ এবং বিশিষ্ট ক্রীড়া প্রশিক্ষক বীরলাল জমাতিয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা।

\*\*\*\*\*